

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০৪৮
আগরতলা, ১৩ মার্চ, ২০২৫

আঠারোমুড়ি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে অসংক্রামক রোগের
স্ক্রিনিং ও বয় বন্দনা কার্ড তৈরি করার শিবির



কুমারঘাট মহকুমা হাসপাতালের অন্তর্গত দক্ষিণ উনকোটি আয়ুষ্মান আরোগ্য মন্দিরের অধীনে আঠারোমুড়ি অঙ্গনওয়াড়ি কেন্দ্রে গত ১১ মার্চ এক অসংক্রামক রোগের (এনসিডি) স্ক্রিনিং ও বয় বন্দনা কার্ড তৈরি করার শিবির করা হয়। এই শিবিরে অসংক্রামক রোগের (এনসিডি) স্ক্রিনিং প্রতিরোধে মধুমেহ রোগের লক্ষণ, প্রতিকার ও প্রতিরোধের উপায় ইত্যাদি নিয়ে স্বাস্থ্যকর্মীরা আলোচনা করেন। শিবিরে এদিন উপস্থিত এলাকাবাসী দের মধ্যে মোট ১৩ জনের অসংক্রামক রোগের স্ক্রিনিং করা হয়। এদের মধ্যে একজনের উচ্চ রক্তচাপ ও একজনের মধুমেহ রোগ সনাক্ত করা হয়। এছাড়া এই শিবিরে ৭০ উর্ধ্ব ছয় জন প্রবীণ নাগরিকের বয় বন্দনা কার্ড তৈরি করা হয়। শিবিরে দক্ষিণ উনকোটি আয়ুষ্মান আরোগ্য মন্দিরের কমিউনিটি হেলথ অফিসার মলয় মজুমদার ও এলাকার আশাকর্মী উপস্থিত ছিলেন। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
